

(প্রেস বিজ্ঞপ্তি)

৩০ জুলাই - ২০২৩খ্রি

### শহীদ যুবলীগ নেতা গোলাম নূর টুকুর নামে রাস্তার নামকরণ করল চসিক

৯৬ এর অসহযোগ আন্দোলনে শহীদ যুবলীগ নেতা গোলাম নূর টুকুর নামে সড়কের নামকরণ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

শনিবার নগরীর ২৩ নং উত্তর পাঠানটুলী ওয়ার্ডস্থ ধনিয়ালাপাড়ায় 'শহীদ গোলাম নূর টুকু বাইলেইন সড়ক'র নামফলক উন্মোচন করেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দোস্ত মোহাম্মদ, কাউন্সিলর মোহাম্মদ জাবেদ, চসিকের নির্বাহী প্রকৌশলী আবু ছিদ্দীক, ইদ্রিস কাজেমী, ওহিদুর রহমান মহসিন, হাজী ইব্রাহীম, আনোয়ার মাস্টার হুমায়ুন কবির, মোহাম্মদ ইলিয়াস, আশরাফ উদ্দিন শাহীন, মনোয়ার আলী রানা।

উল্লেখ্য, ১৯৯৬ সালের ১৭ ই মার্চ চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের ঘোষিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও অসহযোগ আন্দোলনের সমর্থনে চৌমুহনী মোড়ে পথসভা শেষে, সন্ধ্যায় বাড়ি ফেরার পথে ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড যুবলীগের সিনিয়র সহ-সভাপতি গোলাম নূর টুকুকে অপহরণের পর নির্মমভাবে হত্যা করা হয়। গোলাম নূর টুকু ছিলেন ২৩ নং উত্তর পাঠানটুলি ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা রাজা মিয়া সওদাগরের পুত্র।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮